# বাণী

টেকসই যুগোপযোগী মান সম্মত শিক্ষা প্রতিষ্ঠায় শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক পরিচালকের কার্যালয় ও তার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। SDG এর শিক্ষা বিষয়ক টার্গেটসমূহ বাস্তবায়নে আঞ্চলিক পরিচালকের কার্যালয় মূখ্য ভূমিকা পালন করে। সরাসরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহপূর্বক যথাযথ কর্তৃপক্ষকে নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রেরণ এবং গৃহিত সিদ্ধান্তসমূহ, বিভিন্ন নির্দেশনা, জাতীয় শিক্ষানীতি,শিক্ষা কারিকুলাম ইত্যাদি শিক্ষা প্রতিষ্ঠানকে সরবরাহ ও অবগতকরণের কাজটি এ প্রতিষ্ঠান করে থাকে। শিক্ষকদের দক্ষতাবৃদ্ধি, কর্মস্পৃহা জাগ্রতকরণ ও প্রেষণাদানে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, ইন হাউস ট্রেনিং, শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক নানাবিধ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় এবং শিক্ষকদের এমপিওভুক্তি, উচ্চতর স্কেল প্রদান,প্রমোশন ও সংশোধনসহ বহুমাত্রিক কার্যক্রম সম্পন্ন করে এ আঞ্চলিক কার্যালয়টি।

আমি কার্যালয়টির সার্বিক উন্নতি ও কল্যাণ কামনা করি।

১৫/৭/২৫

(প্রফেসর এ.কে.এম. আলিফ উল্লাহ আহসান)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।